

উন্নত স্কুল শিক্ষায় এগিয়ে এশিয়া সিঙ্গাপুর বিশ্বসেরা

কালের কণ্ঠ ডেস্ক >

বিশ্ব স্কুলে পড়াশোনার মানের দিক থেকে বৃহৎ পরিসরের একটি তালিকায় এশিয়ার দেশগুলো প্রথম পাঁচটি স্থানে এসেছে, আর আফ্রিকার দেশগুলো এসেছে সবচেয়ে নিচে। সিঙ্গাপুর তালিকার শীর্ষে রয়েছে, আরপর হংকং। ঘানা তালিকার শেষ স্থানে।

ইউরোপের যেসব দেশের স্কুলগুলো সবচেয়ে ভালো ফল করেছে তাদের মধ্যে অন্যতম ব্রিটেন তালিকার ২০তম স্থানে রয়েছে। যুক্তরাষ্ট্র এসেছে ২৮তম স্থানে।

ইউরোপের সহযোগিতা এবং উন্নয়ন সংস্থা ওইসিডি এই তালিকা প্রণয়ন করে বলছে, ৭৬টি দেশের স্কুলের ফলাফলের ওপর ভিত্তি করে তৈরি এই তালিকা শিক্ষা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির মধ্যে যোগসূত্র প্রমাণ করেছে। এই প্রথমবার আমরা প্রকৃত অর্থে বিশ্ব শিক্ষার গুণগত মানের একটি তালিকা তৈরি করেছি।

ওইসিডির শিক্ষাবিষয়ক পরিচালক অ্যাড্বেয়ান মাইশার বলেন, এই তালিকার উদ্দেশ্য হলো শিক্ষায় এগিয়ে থাকা দেশগুলোর সঙ্গে ধনী-গরিব সব দেশ যাতে নিজেদের তুলনা করতে পারে, যাতে তারা নিজেদের সামর্থ্য এবং সম্ভাবনা সম্পর্কে আরো সচেতন হয়।

তিনি বলেন, এর ফলে তারা দেখতে পারবে স্কুল শিক্ষার গুণগত মান বৃদ্ধি তাদের জন্য কী ধরনের অর্থনৈতিক ফল দিতে পারে। তালিকার শীর্ষে থাকা সিঙ্গাপুরে নিরক্ষরতা ১৯৬০-এর দশকেও অনেক উচ্চ ছিল। এতেই বোঝা যায়, কত সাফল্য অর্জন করা সম্ভব।

এই গবেষণায় জানা গেছে, ব্রিটেনে প্রতি পাঁচজন স্কুলছাত্রের মধ্যে একজন মৌলিক শিক্ষা অর্জন না করেই স্কুল শেষ করে। ওইসিডির মতে, ব্রিটেনে শিক্ষার মান বৃদ্ধি করলে অর্থনীতিতে ব্যাপক প্রবৃদ্ধি সম্ভব। ওইসিডির এই তালিকা গণিত এবং বিজ্ঞান বিষয়ে ফলাফলের ওপর ভিত্তি করে করা হয়েছে। ইতিপূর্বে ওইসিডির তালিকা শুধু উন্নত দেশগুলো নিয়ে তৈরি করা হতো, এবার বিশ্বের অন্যান্য দেশকেও এই তালিকায় আনা হয়েছে।

বিশ্ব শিক্ষার মানের এই তালিকা পৃথিবীর এক-তৃতীয়াংশ দেশ নিয়ে করা হয়েছে। তালিকায় যুক্তরাষ্ট্রের তুলনামূলক খারাপ ফলাফলের প্রতিফলন ঘটেছে। যুক্তরাষ্ট্র শুধু যে অনেক ইউরোপীয় দেশের নিচে চলে গেছে তাই নয়, ভিয়েতনামের অবস্থানও এখন যুক্তরাষ্ট্রের ওপরে।

ওইসিডির তালিকা কয়েকটি আন্তর্জাতিক গবেষণার ফলাফল একত্র করে তৈরি করা হয়েছে। তালিকার প্রথম পাঁচটি স্থানে আছে এশিয়ার দেশ সিঙ্গাপুর, হংকং, দক্ষিণ কোরিয়া, তাইওয়ান এবং জাপান।

তালিকায় ৭৬টি দেশের মধ্যে শেষের পাঁচটি স্থানে আছে ওমান, মরক্কো, হুজুরান, দক্ষিণ আফ্রিকা আর ঘানা।
সূত্র : বিবিসি।